# হরমুজ প্রণালীতে বাংলাদেশি জাহাজ নিরাপদে চলবে: পররাষ্ট্র প্রতিমন্ত্রী




পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। ছবি: সংগৃহীত

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ জানিয়েছেন, হরমুজ প্রণালিতে কোনো বাংলাদেশি জাহাজ আটকে রাখার পরিকল্পনা নেই বলে ইরান আশ্বস্ত করেছে।

রোববার (১২ এপ্রিল) সন্ধ্যায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান। তিনি বলেন, কোনো বাংলাদেশি জাহাজ সেখানে আটক থাকলে তা দ্রুত ছেড়ে দেওয়ার বিষয়েও ইরান ইতিবাচক অবস্থান জানিয়েছে।

এ সময় তিনি ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে আলোচনার উদ্যোগ নেওয়ায় পাকিস্তানকে ধন্যবাদ জানান। তার মতে, দুই দেশের মধ্যে সমঝোতা না হলে তার প্রভাব শুধু ওই অঞ্চলে নয়, বৈশ্বিকভাবেই পড়বে।

শামা ওবায়েদ আরও বলেন, যুদ্ধ পরিস্থিতিতে দেশের জ্বালানি সরবরাহ স্বাভাবিক রাখার জন্য সরকার কাজ করছে। মধ্যপ্রাচ্যের অস্থিরতার মধ্যেও বাংলাদেশকে তুলনামূলক স্থিতিশীল অবস্থায় রাখার চেষ্টা চলছে।

অন্য এক প্রশ্নের জবাবে তিনি জানান, সংঘাতপূর্ণ পরিস্থিতিতে যারা দেশে ফিরতে চাইছেন, তাদের সহায়তা করা হবে। একই সঙ্গে তিনি উল্লেখ করেন, লেবাননে বাংলাদেশের কূটনৈতিক মিশন বর্তমানে ঝুঁকিপূর্ণ পরিবেশে দায়িত্ব পালন করছে।

উল্লেখ্য, সম্প্রতি হরমুজ প্রণালি পার হওয়ার সময় একটি বাংলাদেশি জাহাজকে ইরানি কর্তৃপক্ষ আটক করেছে—এমন খবর ছড়িয়ে পড়ে, যা নতুন করে উদ্বেগ তৈরি করে। এর মধ্যে আবার যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে ওই এলাকায় নৌ চলাচল নিয়ে কড়াকড়ির ঘোষণাও পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে।

LENS ASIA